হাইকোর্টে জামিন পেলেন সাবেক মন্ত্রী আব্দুল লতিফ সিদ্দিকী



সংগৃহীত ছবি

সন্ত্রাসবিরোধী আইনের মামলায় সাবেক বস্ত্র ও পাটমন্ত্রী আব্দুল লতিফ সিদ্দিকীকে জামিন দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার (৬ নভেম্বর) বিচারপতি এ এস এম আব্দুল মোবিন ও বিচারপতি সগীর হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন।

জামিনের পর তার আইনজীবী জেড আই খান পান্না জানান, এই রায়ের ফলে লতিফ সিদ্দিকীর মুক্তিতে আর কোনো আইনি বাধা নেই।

রাষ্ট্রপক্ষে শুনানিতে উপস্থিত ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল ইব্রাহিম খলিল ও আল আমিন হোসেন। জামিনের বিষয়টি নিশ্চিত করে ইব্রাহিম খলিল বলেন, "হাইকোর্টের এই আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করা হবে।"

গত ২৯ আগস্ট শাহবাগ থানায় দায়ের করা সন্ত্রাসবিরোধী আইনের মামলায় লতিফ সিদ্দিকী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কার্জনসহ ১৬ জনকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন আদালত।

অভিযোগে উল্লেখ করা হয়, ২৮ আগস্ট রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটির অডিটোরিয়ামে 'মঞ্চ ৭১'-এর ব্যানারে আয়োজিত এক গোলটেবিল বৈঠকে লতিফ সিদ্দিকী দেশকে অস্থিতিশীল করার ও অন্তর্বর্তী সরকার উৎখাতের উদ্দেশ্যে উস্কানিমূলক বক্তব্য দেন। তার বক্তব্যে উপস্থিতদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং কেউ কেউ প্ররোচিত হন।

ওই বৈঠকে উপস্থিত প্রায় ৭০ থেকে ৮০ জনের মধ্যে থেকে পরবর্তীতে ১৬ জন আটক হয়।